

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৬৬.২০১৭- ৩৯০

তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলা পরিষদের চত্বরে সীমানা প্রাচীর নির্মাণ।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নন্দীগ্রাম, বগুড়া-এর স্মারক নং-০৫.৫০.১০৬৭.০০০.১২.০০৩.১৮-০৫; তারিখ: ২ জানুয়ারি ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে (ক) বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণে ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হলে তা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনপূর্বক ব্যয় নির্বাহের সুপারিশ গ্রহণ করে নিম্নোক্ত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

- (১) সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির কারিগরি প্রতিবেদন গ্রহণপূর্বক প্রেরণ; এবং
- (২) রাজস্ব তহবিলের বর্তমান স্থিতি (ব্যাংক বিবরণীসহ)।

(খ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা উপজেলা ভূমি রেজিস্টার অফিসের গেট নির্মাণের বিধান না থাকায় প্রস্তাবটি বিবেচনা করা গেল না।

(গ) নন্দীগ্রাম উপজেলা পরিষদের কত মিটার সীমানা প্রাচীর সংস্কার করতে হবে তা উল্লেখপূর্বক পুনরায় সীমানা প্রাচীর সংস্কার, মেইন গেট মেরামত ও নামফলক টাইলসকরণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির কারিগরি প্রতিবেদন গ্রহণ করে উপজেলা পরিষদের মাসিক সভায় রাজস্ব তহবিলের অর্থ হতে ব্যয় নির্বাহের সুপারিশ গ্রহণ করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

J.A. in
০৮/০২/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
নন্দীগ্রাম, বগুড়া।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, , বগুড়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নন্দীগ্রাম, বগুড়া।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।